অদ্ভুত এক কারণে পারিশ্রমিক বাড়াচ্ছেন তাপসী!

ডেস্ক রিপোর্ট
নিউজবিডি৭১ডটকম
ঢাকা: তাপসী পান্নু। বলিউডের এক পরিচিত মুখ। ‘পিঙ্ক’ ছবিতে সাহসী প্রতিবাদী নারীর চরিত্রে নজরকাড়া অভিনয়ে প্রশংসিত হয়েছিলেন। এরপর ‘নাম শাবানা’,‘জুড়ুয়া ২’তেও দেখিয়েছেন তার অভিনয় দক্ষতা। দক্ষিণী ইন্ডাস্ট্রি থেকে বলিউডে নিজের শক্ত অবস্থান তৈরি করে ফেলা এই অভিনেত্রী এ বার পারিশ্রমিক বাড়ালেন। কিন্তু এই পারিশ্রমিক বাড়ানোর নেপথ্যে রয়েছে এক অদ্ভুত কারণ!

বলিউডে অভিনয়ের আগে তামিল, তেলুগু ছবিতে বহু কাজ করেছেন তাপসী। সেখান থেকে বলি মহলে জায়গা করে নিয়েছেন। ইন্ডাস্ট্রি সূত্রে খবর, সম্প্রতি নিজের পারিশ্রমিক নাকি কয়েক গুণ বাড়িয়েছেন অভিনেত্রী। এর কারণ কী?

তাপসী ব্যখ্যা দিয়েছেন, দক্ষিণী ইন্ডাস্ট্রিতে তার প্রবল জনপ্রিয়তা ছিল। সেই দর্শক তার হিন্দি ছবিও দেখেন। ফলে পরোক্ষ ভাবে বলিউডেরই আয় বাড়িয়েছেন বলে দাবি করেছেন এই অভিনেত্রী। তার দাবি, দক্ষিণী ইন্ডাস্ট্রিতে তিনি প্রত্যেক ছবির জন্য যে পারিশ্রমিক পান, বলিউডে অন্তত সেটুকু তাঁর পাওয়া উচিত।

এতদিন ছবি পিছু নাকি ৭৫ লাখ টাকা পারিশ্রমিক নিতেন তিনি। এখন তা এক লাফে অনেকটাই বাড়াতে চাইছেন বলে শোনা যাচ্ছে। ‘যদি যোগ্যতা থাকে আমি আমার পুরুষ সহকর্মীদের সমান বেতন পেতেই পছন্দ করব’ স্পষ্ট ভাষায় আগেই জানিয়েছিলেন তাপসী পান্নু।

নিউজবিডি৭১/আ/জুলাই ১১ ,২০১৮